গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মধুখালী, ফরিদপুর।

www.madhukhali.faridpur.gov.bd

## হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মধুখালী উপজেলাধীন উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রনাধীন নিম্নবর্ণিত হাট বাজার সমূহ ১৪৩২ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/সংস্থার নিকট হতে নিম্নোক্ত তফসিল ও শর্তাবলী মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | হাট বাজারের নাম | পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় মূল্য | ১৪৩২ বাংলা সনের সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | বাগাট হাট (পশুহাটসহ) | ১১৫৪৯০৫/- | ১২,২৪২০০/- | ৩,২০০/ |
| ০২ | রায়জাদাপুর হাট | ১৬৩৩৩/- | ১৭৩১৩ /- | ৫০০/ |
| ০৩ | মিটাইন হাট | ৯০০/- | ৯৫৪/- | ৫০০/ |
| ০৪ | কামারখালী হাট (পশুহাটসহ) | ২৬,৪৯,৪২৩/- | ২৮,০৮,৩৮৮/- | ৬,৪০০/ |
| ০৫ | নওপাড়া হাট (পশুহাট/সাইকেল/ভ্যান হাট সহ) | ১৫,১৮,৫১৮/- | ১৬,০৯,৬২৯/- | ৪,০০০/ |
| ০৬ | আমডাঙ্গা হাট | ৩০৫০/- | ৩২৩৩/- | ৫০০/ |
| ০৭ | মাঝকান্দি হাট | ৮৩,৭০০/- | ৮৮,৭২২/- | ৫০০/ |
| ০৮ | ব্রাক্ষ্মণকান্দা হাট | ৪,৯৭০৬৬/- | ৫,২৬,৮৮৯/- | ১,৮০০/ |
| ০৯ | বড়গোপালদী হাট (পশুহাটসহ) | ৮,০৪,৭০০/- | ৮,৫২,৯৮২/- | ২,৪০০/ |
| ১০ | রায়পুর হাট | ৯৭৭/- | ১,০৩৬/- | ৫০০/- |
| ১১ | বাঙ্গাবাড়ীয়া হাট | ২,৯৯,৮৩৩/- | ৩,১৭,৮২৩/- | ১,৪০০/ |
| ১২ | বড়গোপালদী নতুন হাট | ৯৪৫ /- | ১,০০০/- | ৫০০/ |
| ১৩ | লক্ষী নারায়ণপুর হাট | ৯৪৩/- | ১,০০০/- | ৫০০/ |
| ১৪ | ডুমাইন হাট | ২,০০,০০০/- | ২,১২,০০০/- | ১,২০০/ |
| ১৫ | মথুরাপুর হাট | ৮৮,৭০০/- | ৯৪,০২২/ | ৫০০/ |
| ১৬ | বেলেশ্বর হাট (পশুহাটসহ) | ৭৪৩১০৯/ | ৭,৭৬,২৪১/ | ২,৪০০/ |
| ১৭ | গাজনা হাট | ৩৪,৪৭৭/- | ৩৬,৫৪৫/- | ৫০০/ |
| ১৮ | বামুন্দী হাট | ২,২৫,০৮৬/- | ২,৩৮৫৯১/- | ১,২০০/ |
| ১৯ | বিল আড়ালিয়া হাট | ৩,৬৭,৬৬৭/- | ৩,৮৯৭২৭/- | ১,৪০০/ |
| ২০ | মেগচামী মৃধার হাট | ৫৬,০০০/- | ৫৯,৩৬০/- | ৫০০/- |
| ২১ | মেগচামী হাট | ১০,৬৬৭/- | ১১,৩০৭/- | ৫০০/ |
| ২২ | শান্তিপুর বাজার | ৪১১১১/- | ৪৩৫৭৮/- | ৫০০/ |
| ২৩ | জাহাপুর হাট | ২,০৫০/- | ২১৭৩/- | ৫০০/ |
| ২৪ | মীরের কাপাষহাটিয়া হাট | ৪৮৮৩/- | ৫,১৭৬/- | ৫০০/ |
| ২৫ | ঘোড়াখালী হাট | ১৪৩৩/- | ১,৫১৮/- | ৫০০/ |
| ২৬ | পাঁচই হাট | ১৪৫০/- | ১,৫৩৭/- | ৫০০/ |
| ২৭ | কামালদিয়া হাট | ২৫৬৭/- | ২,৭২১/- | ৫০০/ |
| ২৮ | মাকড়াইল হাট | ২০,০০২/- | ২১,২০২/- | ৫০০/ |
| ২৯ | কোরকদী হাট | ৪,২০০/- | ৪৪৫২/- | ৫০০/ |
| ৩০ | ভূষণা হাট (পশু হাট সহ) | ২২৫৯২ | ২৩৯৪৮/- | ৫০০ |

| দরপত্র আহ্বানের পর্যায় | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও শেষ সময় | দরপত্র খোলার সময় | দরপত্র বিক্রয়ের স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|
| ১ম বার | ১২/০২/২০২৫ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ১৩/০২/২০২৫ খ্রিঃ (বেলা ১.০০ টা পর্যন্ত) | ১৩/০২/২০২৫ খ্রিঃ (বিকাল ৩.০০ টা) | (১) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।<br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর।<br>(৩) উপজেলা ভূমি অফিস, মধুখালী, ফরিদপুর<br>(৪) অফিসার ইনচার্জ, মধুখালী থানা, ফরিদপুর।<br>(৫) সোনালী ব্যাংক লিঃ, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা, মধুখালী, ফরিদপুর। | (১) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর<br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর। |
| ২য় বার | ১৯/০২/২০২৫ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২০/০২/২০২৫ খ্রিঃ (বেলা ১.০০ টা পর্যন্ত) | ২০/০২/২০২৫ খ্রিঃ (বিকাল ৩.০০ টা) | | |
| ৩য় বার | ০৫/০৩/২০২৫ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ০৬/০৩/২০২৫খ্রিঃ (বেলা ১.০০ টা পর্যন্ত) | ০৬/০৩/২০২৫ খ্রিঃ (বিকাল ৩.০০ টা) | | |
| ৪র্থ বার | ১২/০৩/২০২৫ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ১৩/০৩/২০২৫খ্রিঃ (বেলা ১.০০ টা পর্যন্ত) | ১৩/০৩/২০২৫ খ্রিঃ (বিকাল ৩.০০ টা) | | |
| ৫ম বার | ১৯/০৩/২০২৫ খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | ২০/০৩/২০২৫খ্রিঃ (বেলা ১.০০ টা পর্যন্ত) | ২০/০৩/২০২৫ খ্রিঃ (বিকাল ৩.০০ টা) | | |

## -ঃ দরপত্রের শর্তাবলী ঃ-

১. দরপত্র দাতাকে দরপত্রের সাথে হাট-বাজারের জন্য প্রদত্ত দরের ৩০% অর্থ যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট, পে-অর্ডার জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর এর বরাবর জমা প্রদান করতে হবে। দরপত্র দাতার অনুকূলে ইজারা প্রদত্ত হলে তার প্রদত্ত উক্ত জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে ২৫% সমন্বয় করা হবে বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা তার দ্বারা হাট-বাজারের কোন ক্ষতি সাধিত হলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত অর্থ জামানতকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে আয়কর কোড নং ১/১১৪১/০০১০/০১১১ এবং ভ্যাট কোড নং ১/১১৩৩/০০০৫/০৩১১

২। হাট-বাজারসমূহের দরপত্র সিডিউল কেবল মাত্র জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর, উপজেলা ভূমি অফিস, মধুখালী, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা, মধুখালী থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের কার্যালয়ে জমা দেওয়া যাবে দরপত্র গ্রহণের দিন বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট অফিসসমূহ হতে সংগ্রহপূর্বক প্রাপ্ত দরপত্রসমূহ দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী প্রাপ্ত দরপত্রসমূহের তুলনামূলক বিবরণী প্রস্তুত করে দরপত্র মূল্যায়ন কমিটিতে পেশ করবেন। মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে উপজেলা পরিষদ সভায় পেশ করা হবে এবং অনুমোদিত হলে ইজারা বন্দোবস্ত দেয়ার পরবতর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ১ম বার দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর পূর্ববর্তী দর ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে ইজারা প্রদানে কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম ঘোষিত তফশীল মোতাবেক অব্যহত থাকবে।

৩। অনুমোদিত দর দাতাকে স্থিরকৃত ইজারামূল্যের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাটসহ জমা প্রদান করতে হবে

৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না।

৫। খামের উপর দরপত্রদাতার নাম ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটিসহ দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৬। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

৭। দরপত্র অনুমোদিত হওয়ার ৭(সাত) দিনের মধ্যে দরদাতাকে অবশিষ্ট অর্থসহ পরিশোধান্তে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৮। একই দরে একাধিক দরপত্র পাওয়া গেলে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কোন হাটের দর অনুমোদিত না হওয়া পর্যন্ত ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার জামানত জমা রাখা হবে। যে সকল দরদাতা সংশ্লিষ্ট হাটের অনুকূলে ডাকের জন্য দাখিলকৃত সিডি ফেরত নিবেন না তাদেরকে ডাকের জন্য পুনরায় দরপত্রের সাথে পূর্বের দাখিলকৃত সিডি বাদে প্রয়োজনীয় সিডি দাখিল করতে হবে।

৯। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে। দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জামানতকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১০। হাট-বাজারের ইজারার টাকা অনাদায়ে সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১১। দরদাতা অনুকূলে ইজারা প্রদত্ত ইজারাদার ইজারার সময় শেষ হবার পরদিন কর্তৃপক্ষকে হাট-বাজারের দখল বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন এবং এ ব্যাপারে তার কোন ওজর-আপত্তি আইনত গ্রহণযোগ্য হবে না।

১২। দরপত্রের উল্লেখ না থাকা সত্বেও হাট-বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক বর্তমানে কার্যকর এবং ইজারাকালীন সময়ে প্রণীত যে কোন আইন, অধ্যাদেশ, বিধি, পরিপত্র এবং পত্রের নির্দেশ ও শর্তাবলী ইজারাদার মানতে বাধ্য থাকবেন। ব্যর্থতায় ইজারা চুক্তি বাতিলসহ ইজারাদারের জমাকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১৩। যে তারিখে কোন হাট-বাজার ইজারা বন্দোবস্ত হবে তফসিলে বর্ণিত পরবর্তী তারিখে উক্ত হাট ইজারা কার্যক্রম থেকে বাদ যাবে।

১৪। ইজারাদার নিজ খরচে ১ টি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৬। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। কর্তৃপক্ষ অন্যপক্ষে কোন শর্তারোপসহ যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা রাখে।

(মোঃ আবু রাসেল)
উপজেলা নির্বাহী অফিসার
মধুখালী, ফরিদপুর

স্মারক নং ঃ ০৫.১২.২৯৫৬.০০০.৯৯.০০৬.২৫- ৬৭ (২০০) তারিখ ঃ ২২/০১/২০২৫খ্রি.

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)

০১. জেলা প্রশাসক, ফরিদপুর।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক(সাধারণ/রাজস্ব/শিঃউঃআঃ) ,ফরিদপুর।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
০৪. উপজেলা নির্বাহী অফিসার .................................................(সকল), ফরিদপুর।
০৫. উপ-কর কমিশনার, ফরিদপুর সার্কেল, ফরিদপুর।
০৬. সহকারী কমিশনার (ভূমি), ................................(সকল), ফরিদপুর।
০৭. সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর। (বিজ্ঞপ্তটি উপজেলা ও সব ইউনিয়নের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)
০৮. চেয়ারম্যান ................................ইউপি (সকল), মধুখালী, ফরিদপুর।
০৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..........................ইউনিয়ন ভূমি অফিস, মধুখালী, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১০. ইউপি সচিব ............................ইউপি (সকল) মধুখালী। তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১১. সভাপতি/সম্পাদক, ........................................হাট বাজার কমিটি, মধুখালী, ফরিদপুর।
১২. ইজারাদার ..........................................................................................................
..................................................................................................হাট বাজার।
১৩. জনাব ..........................................................................................................
১৪. জনাব, ........................................সমনজারী কারক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী, ফরিদপুর তাকে ২/৩ জন শ্রমিক নিয়ে মধুখালী উপজেলার বিভিন্ন হাট বাজারে ও গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তির কপি লটকানোর জন্য বলা হলো। এছাড়া বিজ্ঞপ্তির কপি একাধিক বার মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্যও বলা হলো।
১৫. অফিস নথি/মাস্টার ফাইল।

২২/০১/২৫

উপজেলা নির্বাহী অফিসার
মধুখালী, ফরিদপুর.